সেট নম্বর

৪

কোড নাম

হেমন্ত

# প্রিলিমিনারি টেস্ট
# ২০২২

**সময়: ২ ঘণ্টা**
**পূর্ণমান: ২০০**

[মোট প্রশ্ন ২০০ (দুইশত)টি। প্রতিটি প্রশ্নের ৪ (চার)টি উত্তরের মধ্যে ১ (এক)টি সঠিক উত্তর রয়েছে। প্রতিটি শুদ্ধ উত্তরের জন্য প্রার্থী ১ (এক) নম্বর পাবেন। প্রতিটি ভুল উত্তরের জন্য ০.৫ (শূন্য দশমিক পাঁচ) নম্বর কাটা যাবে।]

---

উত্তরপত্রের প্রথম অংশে রেজিস্ট্রেশন নম্বর যথাযথভাবে না লিখলে, সঠিকভাবে বৃত্ত ভরাট না করলে অথবা বৃত্ত ভরাটের ক্ষেত্রে কাটাকাটি করলে উত্তরপত্র বাতিল হবে।

merazul.com

merazul.com

১। কোন দেশ থেকে 'আরব বসন্ত'-এর সূচনা হয়?
(ক) মিশর (খ) তিউনিশিয়া
(গ) লিবিয়া (ঘ) সিরিয়া

২। কোন সালে রাশিয়া ক্রিমিয়া দখল করে?
(ক) ২০১০ (খ) ২০১২
(গ) ২০১৪ (ঘ) ২০১৬

৩। কোন দেশটি ভেনিজুয়েলার প্রতিবেশী রাষ্ট্র নয়?
(ক) গায়ানা (খ) বলিভিয়া
(গ) ব্রাজিল (ঘ) কলাম্বিয়া

৪। বিগত কপ-২৬ কোন শহরে অনুষ্ঠিত হয়?
(ক) জেনেভা (খ) প্যারিস
(গ) গ্লাসগো (ঘ) ব্রাসেলস

৫। বাংলাদেশ ও ভারতের মধ্যে সম্পাদিত গঙ্গার পানি বণ্টন চুক্তি কখন শেষ হবে?
(ক) ২০৪০ (খ) ২০২৬
(গ) ২০২৪ (ঘ) ২০৩০

৬। কোন দেশকে ইউরোপের রুটির ঝুড়ি বলা হয়?
(ক) জার্মানি (খ) ইতালি
(গ) পোলান্ড (ঘ) ইউক্রেন

৭। গণতন্ত্রের ধারণা উৎসারিত হয় প্রথম কোন দেশে?
(ক) যুক্তরাষ্ট্র (খ) প্রাচীন গ্রীস
(গ) প্রাচীন রোম (ঘ) প্রাচীন ভারত

৮। নিচের কোন দেশটি ডি-৮ এর সদস্য নয়?
(ক) জর্দান (খ) ইরান
(গ) মিশর (ঘ) মালয়েশিয়া

৯। World Economic Forum-এর বাৎসরিক অধিবেশন কোথায় অনুষ্ঠিত হয়?
(ক) প্যারিস (খ) জুরিখ
(গ) দাভোস (ঘ) বার্ন

১০। তাসখন্দ চুক্তি কোন দুটি রাষ্ট্রের মধ্যে স্বাক্ষরিত হয়?
(ক) পাকিস্তান ও আফগানিস্তান (খ) ভারত ও আফগানিস্তান
(গ) পাকিস্তান ও ভারত (ঘ) আফগানিস্তান ও সোভিয়েত ইউনিয়ন

১১। প্রথাগতভাবে বছরের কোন দিন জাতিসংঘ সাধারণ পরিষদের বার্ষিক অধিবেশন শুরু হয়?
(ক) সেপ্টেম্বর মাসের প্রথম সোমবার
(খ) অক্টোবর মাসের প্রথম মঙ্গলবার
(গ) আগস্ট মাসের শেষ সোমবার
(ঘ) অক্টোবর মাসের প্রথম সোমবার

১২। কোন দুটি আরব রাষ্ট্র ক্যাম্প ডেভিড (Camp David) চুক্তি স্বাক্ষরের ফলশ্রুতিতে ইসরাইলের সঙ্গে পূর্ণ কূটনৈতিক সম্পর্ক স্থাপন করে?
(ক) জর্দান ও মিশর (খ) কুয়েত ও বাহরাইন
(গ) লিবিয়া ও ওমান (ঘ) তিউনিসিয়া ও আলজেরিয়া

১৩। কখন এবং কোথায় International Union for Conservation of Nature (IUCN) প্রতিষ্ঠিত হয়?
(ক) ১৯৪৮, ফ্রান্স (খ) ১৯৪৯, সুইজারল্যান্ড
(গ) ১৯৬১, রোম (ঘ) ১৯৫২, লন্ডন

১৪। 'নেকড়েযোদ্ধা কূটনীতি' কোন দেশের সাথে সংশ্লিষ্ট?
(ক) ভিয়েতনাম (খ) উত্তর কোরিয়া
(গ) চীন (ঘ) রাশিয়া

১৫। নিচের কোন দেশটি ASEAN জোটভুক্ত নয়?
(ক) লাওস (খ) হংকং
(গ) ভিয়েতনাম (ঘ) কম্বোডিয়া

১৬। মহান মুক্তিযুদ্ধ চলাকালীন 'কনসার্ট ফর বাংলাদেশ (Concert for Bangladesh)' কোথায় অনুষ্ঠিত হয়েছিল?
(ক) নিউইর্য়ক (খ) বোস্টন
(গ) লন্ডন (ঘ) ক্যানবেরা

১৭। জাতিসংঘের নিরাপত্তা পরিষদের অস্থায়ী সদস্য পদ কত সময়ের জন্য?
(ক) ১ বছর (খ) ২ বছর
(গ) ৪ বছর (ঘ) ৫ বছর

১৮। আন্তর্জাতিক আদালতের একজন বিচারক কয় বছরের জন্য নির্বাচিত হন?
(ক) তিন বছর (খ) সাত বছর
(গ) চার বছর (ঘ) নয় বছর

১৯। বাংলাদেশের প্রেক্ষিত পরিকল্পনার (Perspective Plan) সময়সীমা কত?
(ক) ২০২১-২০৩০ (খ) ২০২৪-২০৩২
(গ) ২০২১-২০৪১ (ঘ) ২০২২-২০৫০

২০। ২০২২ সালে কোন দেশ জাতিসংঘের শান্তিস্থাপন কমিশনের সভাপতি নির্বাচিত হয়?
(ক) যুক্তরাষ্ট্র (খ) সুইজারল্যান্ড
(গ) বাংলাদেশ (ঘ) ভারত

২১। 'ইতরবিশেষ' বলতে বোঝায়—
(ক) দুর্বৃত্ত (খ) চালাকি
(গ) পার্থক্য (ঘ) অপদার্থ

২২। নিপাতনে সিদ্ধ স্বরসন্ধির দৃষ্টান্ত কোনটি?
(ক) গো+অক্ষ=গবাক্ষ (খ) পৌ+অক=পাবক
(গ) বি+অঙ্গ=বঙ্গ (ঘ) যতি+ইন্দ্র=যতীন্দ্র

২৩। 'চাঁদের অমাবস্যা' উপন্যাসের যুবক-শিক্ষকের নাম—
(ক) আবদুল কাদের (খ) খতিব মিয়া
(গ) আক্কাস আলী (ঘ) আরেফ আলী

২৪। 'মরণ রে তুঁহু মম শ্যাম সমান।'-পঙ্‌ক্তিটির রচয়িতা—
(ক) বিদ্যাপতি (খ) গোবিন্দদাস
(গ) রবীন্দ্রনাথ ঠাকুর (ঘ) কৃষ্ণদাস কবিরাজ

২৫। 'আনোয়ারা' উপন্যাসের রচয়িতার নাম—
(ক) সৈয়দ মুজতবা আলী (খ) কাজী আবদুল ওদুদ
(গ) নজিবর রহমান (ঘ) রোকেয়া সাখাওয়াৎ হোসেন

২৬। নিচের কোন বাক্যটি প্রয়োগগত দিক থেকে শুদ্ধ?
(ক) আমি কারও সাতেও নেই, সতেরোতেও নেই।
(খ) আপনি স্বপরিবারে আমন্ত্রিত।
(গ) তার দু'চোখ অশ্রুতে ভেসে গেল।
(ঘ) সারা জীবন ভূতের মজুরি খেটে মরলাম।

২৭। নিচের কোনটি যৌগিক বাক্য?
(ক) দোষ স্বীকার করলে তোমাকে শাস্তি দেওয়া হবে না।
(খ) তিনি বেড়াতে এসে কেনাকাটা করলেন।
(গ) মহৎ মানুষ বলে সবাই তাঁকে সম্মান করেন।
(ঘ) ছেলেটি চঞ্চল তবে মেধাবী।

২৮। ধ্বনি-পরিবর্তনের নিয়মে কোনটি বর্ণ-বিপর্যয়-এর দৃষ্টান্ত?
(ক) রতন (খ) কবাট
(গ) পিচাশ (ঘ) মুলুক

২৯। 'অর্ধচন্দ্র' কথাটির অর্থ—
(ক) অমাবস্যা (খ) গলাধাক্কা দেওয়া
(গ) কাছে টানা (ঘ) কাস্তে

৩০। 'হরতাল' কোন ভাষা থেকে আগত শব্দ?
(ক) পর্তুগিজ (খ) হিন্দি
(গ) গুজরাটি (ঘ) ফরাসি

৩১। কোনটি 'জিগীষা'র সম্প্রসারিত প্রকাশ?
(ক) জানিবার ইচ্ছা (খ) জয় করিবার ইচ্ছা
(গ) হনন করিবার ইচ্ছা (ঘ) যুদ্ধ করিবার ইচ্ছা

৩২। নিচের কোনটি তৎসম শব্দ?
(ক) পছন্দ (খ) হিসাব
(গ) ধূলি (ঘ) শৌখিন

৩৩। নিচের কোনটি বাংলা 'ধাতু'র দৃষ্টান্ত?
(ক) কহ্ (খ) কথ্ (গ) বুধ্ (ঘ) গঠ্

৩৪। ইসলাম ও সুফিমতের প্রভাবে ভারতবর্ষে ঘটেছিল—
(ক) বর্ণবাদের পুনরুত্থান (খ) রাষ্ট্রবিপ্লব
(গ) চিন্তাবিপ্লব (ঘ) অভিবাসন বিপ্লব

৩৫। শুদ্ধ বানান কোনটি?
(ক) মুমুর্ষু (খ) মূমুর্ষূ
(গ) মুমূর্ষু (ঘ) মূমূর্ষু

৩৬। নিচের কোনটি 'অগ্নি'র সমার্থক শব্দ নয়?
(ক) বহ্নি (খ) আবীর
(গ) বায়ুসখা (ঘ) বৈশ্বানর

৩৭। 'দেশের যত নদীর ধারা জল না, ওরা অশ্রুধারা।'—এই উক্তিটি নিচের কোন পারিভাষিক অলংকার দ্বারা শোভিত?
(ক) অপহ্নুতি (খ) যমক
(গ) অর্থোন্নতি (ঘ) অভিযোজন

৩৮। 'যথারীতি' কোন সমাসের দৃষ্টান্ত?
(ক) অব্যয়ীভাব (খ) দ্বিগু
(গ) বহুব্রীহি (ঘ) দ্বন্দ্ব

৩৯। 'মৃত্তিকা দিয়ে তৈরি'—কথাটি সংকোচন করলে হবে—
(ক) তন্ময় (খ) মন্ময়
(গ) মৃন্ময় (ঘ) চিন্ময়

৪০। 'চণ্ডীমঙ্গল' কাব্যের উপাস্য 'চণ্ডী' কার স্ত্রী?
(ক) জগন্নাথ (খ) বিষ্ণু
(গ) প্রজাপতি (ঘ) শিব

৪১। 'শ্রীকৃষ্ণকীর্তন কাব্য' কোথা থেকে উদ্ধার করা হয়েছিল?
(ক) নেপালের রাজদরবার থেকে (খ) গোয়ালঘর থেকে
(গ) পাঠশালা থেকে (ঘ) কান্তজীর মন্দির থেকে

৪২। বিদ্যাপতি মূলত কোন ভাষার কবি ছিলেন?
(ক) মারাঠি (খ) হিন্দি
(গ) মৈথিলি (ঘ) গুজরাটি

৪৩। 'আমার সন্তান যেন থাকে দুধেভাতে।'—এই মনোবাঞ্ছাটি কার?
(ক) ভবানন্দের (খ) ভাঁড়ুদত্তের
(গ) ঈশ্বরী পাটুনীর (ঘ) ফুল্লরার

৪৪। নিচের কোন ব্যক্তি 'বুদ্ধির মুক্তি' আন্দোলনের সঙ্গে যুক্ত ছিলেন না?
(ক) কাজী আবদুল ওদুদ (খ) এস ওয়াজেদ আলি
(গ) আবুল ফজল (ঘ) আবদুল কাদির

৪৫। নিচের কোন কাব্য কাজী নজরুল ইসলামের উদারনৈতিক ঐতিহ্যভাবনার ধারক?
(ক) বিষের বাঁশী (খ) অগ্নি-বীণা
(গ) সিন্ধু-হিন্দোল (ঘ) চক্রবাক

৪৬। নিচের কোনটি বিশ শতকের পত্রিকা?
(ক) শনিবারের চিঠি (খ) বঙ্গদর্শন
(গ) তত্ত্ববোধিনী (ঘ) সংবাদ প্রভাকর

৪৭। নিচের কোনটি উপন্যাস নয়?
(ক) দিবারাত্রির কাব্য (খ) শেষের কবিতা
(গ) পল্লী-সমাজ (ঘ) কবিতার কথা

৪৮। 'বাঙালী ও বাঙলা সাহিত্য' গ্রন্থ কে রচনা করেছেন?
(ক) দীনেশচন্দ্র সেন (খ) গোপাল হালদার
(গ) আহমদ শরীফ (ঘ) সুকুমার সেন

৪৯। 'মনোরমা' বঙ্কিমচন্দ্রের কোন উপন্যাসের চরিত্র?
(ক) কৃষ্ণকান্তের উইল (খ) দুর্গেশনন্দিনী
(গ) মৃণালিনী (ঘ) বিষবৃক্ষ

৫০। 'ব্যক্ত প্রেম' ও 'গুপ্ত প্রেম' কবিতা দুটি রবীন্দ্রনাথের কোন কাব্যগ্রন্থের অন্তর্গত?
(ক) খেয়া (খ) মানসী
(গ) কল্পনা (ঘ) সোনার তরী

৫১। 'অভীক' রবীন্দ্রনাথের কোন গল্পের নায়ক?
(ক) নষ্টনীড় (খ) নামঞ্জুর গল্প
(গ) রবিবার (ঘ) ল্যাবরেটরি

৫২। 'সকলের তরে সকলে আমরা/প্রত্যেকে আমরা পরের তরে।' —কার রচিত পঙ্ক্তি?
(ক) রজনীকান্ত সেন (খ) ইসমাইল হোসেন সিরাজী
(গ) কামিনী রায় (ঘ) দ্বিজেন্দ্রলাল রায়

৫৩। 'খোকা' ও 'রঞ্জু' মাহমুদুল হক-এর কোন উপন্যাসের চরিত্র?
(ক) কালো বরফ (খ) খেলাঘর
(গ) অনুর পাঠশালা (ঘ) জীবন আমার বোন

৫৪। সৈয়দ ওয়ালীউল্লাহর লেখা নাটক কোনটি?
(ক) কবর (খ) বহিপীর
(গ) পায়ের আওয়াজ পাওয়া যায় (ঘ) ওরা কদম আলী

৫৫। মীর মশাররফ হোসেনের 'বিষাদসিন্ধু' একটি—
(ক) মহাকাব্য (খ) ইতিহাস গ্রন্থ
(গ) উপন্যাস (ঘ) ইতিহাস-আশ্রিত জীবনীগ্রন্থ

৫৬। 'By and large' means—
(ক) everywhere (খ) very large
(গ) mostly (ঘ) far away

৫৭। Francis Bacon is an illustrious—
(ক) essayist (খ) dramatist
(গ) novelist (ঘ) journalist

৫৮। 'He could not win but learnt a lot.' Which part of speech is the word 'but'?
(ক) an adverb (খ) a verb
(গ) an adjective (ঘ) a conjunction

৫৯। Select the appropriate preposition:
'Are you doing' anything special—the weekend?'
(ক) at (খ) with
(গ) on (ঘ) for

৬০। What is the plural form of 'sheep'?
(ক) sheeps (খ) sheep
(গ) sheepes (ঘ) sheepses

৬১। 'Sweet are the uses of adversity' is quoted from Shakespeare's—
(ক) Julius Caesar (খ) Macbeth
(গ) Comedy of Errors (ঘ) As you Like It

merazul.com

merazul.com

৬২। 'To get along with' means—
(ক) to adjust (খ) to interest
(গ) to accompany (ঘ) to walk

৬৩। The synonym for 'panoramic' is—
(ক) scenic (খ) narrow
(গ) limited (ঘ) restricted

৬৪। The antonym for 'slothful' is—
(ক) playful (খ) sluggish
(গ) energetic (ঘ) quarrelsome

৬৫। Alexander Pope's 'Essay on Man' is a—
(ক) novel (খ) treatise
(গ) short story (ঘ) poem

৬৬। What is the verb form of the word 'ability'?
(ক) capable (খ) inability
(গ) enable (ঘ) unable

৬৭। The word 'equivocation' refers to—
(ক) stating like an author
(খ) two contradictory things in the same statement
(গ) free expression of opinions
(ঘ) a true statement

৬৮। "Life's but a walking shadow, a poor player,
That struts and frets his hour upon the stage,
And then is heard no more;"
These memorable lines in Shakespearean tragedy are spoken by—
(ক) Lady Macbeth (খ) Banquo
(গ) Duncan (ঘ) Macbeth

৬৯। Which of the following words is spelt correctly?
(ক) authoratative (খ) autheritative
(গ) authoritative (ঘ) authoratative

৭০। Find out the active form of the sentence:
'By whom can our country be saved?'
(ক) Who can save our country?
(খ) Our country has been saved by who?
(গ) Who save our country?
(ঘ) Who will save our country?

৭১। "All changed, changed utterly:
A terrible beauty is born."
This extract is taken from W. B. Yeats' poem titled—
(ক) No Second Troy (খ) Easter 1916
(গ) The Second Coming (ঘ) The Wild Swans at Coole

৭২। Identify the correct passive form:
'Do not close the door.'
(ক) Let not the door close.
(খ) Let not the door be closed.
(গ) Let not the door close.
(ঘ) Let not door closed.

৭৩। The poetic drama 'Murder in the Cathedral' was written by—
(ক) Harold Pinter (খ) G. B. Shaw
(গ) T. S. Eliot (ঘ) Samuel Beckett

৭৪। 'All for Love' is a drama written by—
(ক) John Dryden (খ) William Congreve
(গ) John Bunyan (ঘ) Francis Bacon

৭৫। Sitting happily, the chicken laid eggs.
The underlined part is a/an—
(ক) noun clause (খ) subordinate clause
(গ) independent clause (ঘ) coordinate clause

৭৬। Caliban is an important character from Shakespeare's—
(ক) The Tempest (খ) Hamlet
(গ) Macbeth (ঘ) Othello

৭৭। What kind of noun is 'river'?
(ক) Material (খ) Collective
(গ) Proper (ঘ) Common

৭৮। 'Caesar and Cleopatra' is—
(ক) a tragedy by William Shakespeare
(খ) a poem by Lord Byron
(গ) a play by Bernard Shaw
(ঘ) a novel by S. T. Coleridge

৭৯। Indentify the right tense: 'My father—before I came'.
(ক) would be leaving (খ) had been leaving
(গ) had left (ঘ) will leave

৮০। Which of the following words is spelt incorrectly?
(ক) reminescence (খ) glycerin
(গ) idiosyncrasy (ঘ) lexicography

৮১। Who wrote the picaresque novel titled 'Tom Jones'?
(ক) Samuel Richardson (খ) Horace Walpole
(গ) Henry Fielding (ঘ) Laurence Sterne

৮২। The story of 'Moby Dick' centres on—
(ক) a mermaid (খ) a whale
(গ) a crocodile (ঘ) a shark

৮৩। 'He prayeth best, who loveth best.'—Who said it?
(ক) John Milton (খ) John Donne
(গ) Lord Byron (ঘ) S. T. Coleridge

৮৪। The controlling sentence of a paragraph is known as—
(ক) content modulator (খ) terminator
(গ) thesis statement (ঘ) topic sentence

৮৫। Choose the correct comparative form of the sentence.
'Very few boys are as industrious as Zaman.'
(ক) Zaman is one of the most industrious boys.
(খ) Zaman is more industrious than most other boys.
(গ) Zaman is really industrious like other boys.
(ঘ) Zaman is as industrious as other boys.

৮৬। Identify the appropriate preposition:
Your opinion is identical—mine.
(ক) for (খ) in
(গ) with (ঘ) by

৮৭। 'Paradise Lost' attempted to—
(ক) justify the ways of man to God.
(খ) show that Satan and God have equal power.
(গ) justify the ways of God to man.
(ঘ) explain why both good and evil are necessary.

৮৮। "Oh, lift me as a wave, a leaf, a cloud!
I fall upon the thorns of life! I bleed!"
The extract is taken from P. B. Shelley's poem—
(ক) The Cloud (খ) To a Skylark
(গ) Ode to the West Wind (ঘ) Adonais

৮৯। Who wrote the short story 'The Ant and the Grasshopper'?
(ক) Guy de Maupassant (খ) W. Somerset Maugham
(গ) J. K. Rawlings (ঘ) O' Henry

৯০। The word 'vital' is a/an—
(ক) noun (খ) adverb
(গ) adjective (ঘ) verb

৯১। $2\log_{10}^{5} + \log_{10}^{36} - \log_{10}^{9} = ?$
(ক) 2 ·· 100
(গ) 37 (ঘ) 4.6

৯২। ক্রয়মূল্য বিক্রয়মূল্যের দ্বিগুণ হলে শতকরা লাভ বা ক্ষতির পরিমাণ কত?
(ক) লাভ ২৫% (খ) ক্ষতি ২৫%
(গ) লাভ ১০% (ঘ) ক্ষতি ৫০%

৯৩। একটি ফাংশন $f: R \to R, f(x) = 2x + 1$ দ্বারা সংজ্ঞায়িত হলে $f^{-1}(2)$ এর মান কত?
(ক) 0 (খ) $\frac{1}{2}$
(গ) 5 (ঘ) 1

৯৪। ABC ত্রিভুজে B কোণের পরিমাণ ৪৮° এবং AB=AC। যদি E এবং F AB এবং AC-কে এমনভাবে ছেদ করে যেন EF ∥ BC হয়, তাহলে ∠A + ∠AFE = ?
(ক) ১৩২° (খ) ১৮০° (গ) ১০৮° (ঘ) ১৬০°

৯৫। যদি $log_{10}^{x} = -1$ হয়, তাহলে নিচের কোনটি $x$ এর মান?
(ক) 0.1 (খ) 0.01
(গ) $\frac{1}{10000}$ (ঘ) 0.001

৯৬। যদি $-5, p, q, 16$ সমান্তর অনুক্রমে থাকে, তাহলে $p$ ও $q$ এর মান হবে যথাক্রমে—
(ক) $-2, 9$ (খ) $2, 9$
(গ) $-2, -9$ (ঘ) $2, -9$

৯৭। $i^{-49}$ এর মান কত?
(ক) $-1$ (খ) $i$
(গ) 1 (ঘ) $-i$

৯৮। ১৮ এবং ৭২ এর গুণোত্তর গড় কোনটি?
(ক) ৪৫ (খ) ১২৯৬
(গ) ৩৬ (ঘ) ৪

৯৯। $1 - 1 + 1 - 1 + 1 - 1 + \cdots + n$ সংখ্যক পদের যোগফল হবে
(ক) 0 (খ) 1
(গ) $[1 + (-1)^n]$ (ঘ) $\frac{1}{2}[1 - (-1)^n]$

১০০। একটি সুষম বহুভুজের প্রত্যেকটি কোণ ১৬৮°। এর বাহুসংখ্যা কতগুলো হবে?
(ক) ৩০ (খ) ২০ (গ) ১৮ (ঘ) ১০

১০১। একটি সমবাহু ত্রিভুজের বাহুর দৈর্ঘ্য ২ সে.মি. এবং উচ্চতা $x$ সে.মি. হলে, $x$ এর মান কোনটি?
(ক) √২ (খ) √৩
(গ) ২ (ঘ) ৩

১০২। যদি $\sqrt[4]{x^3} = 2$ হয়, তাহলে $x^{\frac{3}{2}} = ?$
(ক) 8 (খ) 16 (গ) 4 (ঘ) 64

১০৩। $P(A) = \frac{1}{3}$, $P(B) = \frac{3}{4}$, $A$ ও $B$ স্বাধীন হলে, $P(AUB)$-এর মান কত?
(ক) $\frac{3}{4}$ (খ) $\frac{1}{3}$
(গ) $\frac{5}{6}$ (ঘ) এর কোনটিই নয়

১০৪। বাস্তব সংখ্যায় $|3x+2| < 7$ অসমতাটির সমাধান:
(ক) $-3 < x < 3$ (খ) $-\frac{5}{3} < x < \frac{5}{3}$
(গ) $-3 < x < \frac{5}{3}$ (ঘ) $\frac{5}{3} < x < -\frac{5}{3}$

১০৫। $6a^2bc$ এবং $4a^3b^2c^2$-এর সংখ্যা সহগের গ.সা.গু. নিচের কোনটি?
(ক) $a^2bc$ (খ) $2a^2bc$
(গ) $2a^2b^2c^2$ (ঘ) কোনটিই নয়

১০৬। বাংলাদেশের প্রথম কয়লানির্ভর বিদ্যুৎ কেন্দ্র কোথায় অবস্থিত?
(ক) কাপ্তাই, রাঙ্গামাটি (খ) সাভার, ঢাকা
(গ) সীতাকুণ্ড, চট্টগ্রাম (ঘ) বড়পুকুরিয়া, দিনাজপুর

১০৭। কোন ধরনের শিলায় জীবাশ্ম থাকার সম্ভাবনা রয়েছে?
(ক) আগ্নেয় শিলা (খ) রূপান্তরিত শিলা
(গ) পাললিক শিলা (ঘ) উপরের কোনটিই নয়

১০৮। নিচের কোন দুর্যোগের কার্যকর পূর্বাভাস দেওয়া সম্ভব নয়?
(ক) বন্যা (খ) ভূমিকম্প
(গ) ঘূর্ণিঝড় (ঘ) খরা

১০৯। দুর্যোগ ব্যবস্থাপনা চক্রের কোন স্তরটি বেশি ব্যয়বহুল?
(ক) পূর্বপ্রস্তুতি (খ) সাড়াদান
(গ) প্রশমন (ঘ) পুনরুদ্ধার

১১০। কোনটি নবায়নযোগ্য সম্পদ?
(ক) প্রাকৃতিক গ্যাস (খ) চুনাপাথর
(গ) বায়ু (ঘ) কয়লা

১১১। নিচের কোনটি বাংলাদেশের বৃহত্তম গ্যাসক্ষেত্র?
(ক) বাখরাবাদ (খ) হরিপুর
(গ) তিতাস (ঘ) হবিগঞ্জ

১১২। বাংলাদেশে জি-কে প্রকল্প একটি—
(ক) জলবিদ্যুৎ প্রকল্প (খ) নদী নিয়ন্ত্রণ প্রকল্প
(গ) জল পরিবহন প্রকল্প (ঘ) সেচ প্রকল্প

১১৩। COP 26-এ COP মানে কী?
(ক) কনফারেন্স অব প্যারিস (খ) কনফারেন্স অব দ্য পাওয়ার
(গ) কনফারেন্স অব দ্য পার্টিস (ঘ) কনফারেন্স অব দ্য প্রটোকল

১১৪। বাংলাদেশের ব্লু-ইকোনমির চ্যালেঞ্জ নয় কোনটি?
(ক) ঘন ঘন বন্যা (খ) সমুদ্র দূষণ
(গ) ক্রটিপূর্ণ সমুদ্র শাসন (ঘ) উপরের কোনটিই নয়

১১৫। ডাউকি ফল্ট বরাবর একটি প্রচণ্ড ভূমিকম্পের পর বাংলাদেশের কোন নদী তার গতিপথ পরিবর্তন করে?
(ক) ব্রহ্মপুত্র নদী (খ) পদ্মা নদী
(গ) কর্ণফুলি নদী (ঘ) মেঘনা নদী

১১৬। সুপরিবাহী পদার্থে valence band এবং conduction band—
(ক) আলাদা থাকে (খ) ওভারল্যাপ থাকে
(গ) অনেক দূরে থাকে (ঘ) কোনটিই নয়

১১৭। ফটোগ্রাফিক প্লেটে আবরণ থাকে—
(ক) সিলভার ব্রোমাইডের (খ) সিলভার ক্লোরাইডের
(গ) অ্যামোনিয়াম ক্লোরাইডের (ঘ) সিলভার ফ্লোরাইডের

merazul.com

merazul.com

১১৮। বজ্রবৃষ্টির ফলে মাটিতে উদ্ভিদের কোন খাদ্য উপাদান বৃদ্ধি পায়?
(ক) নাইট্রোজেন (খ) পটাশিয়াম
(গ) অক্সিজেন (ঘ) ফসফরাস

১১৯। ফলিক এসিডের অন্য নাম কোনটি?
(ক) ভিটামিন বি ১২ (খ) ভিটামিন বি ৬
(গ) ভিটামিন বি ১ (ঘ) ভিটামিন বি ৯

১২০। যে কারণে শৈশব-অন্ধত্ব হতে পারে তা হলো—
(ক) এইচআইভি/এইডস (খ) ম্যালেরিয়া
(গ) হাম (ঘ) যক্ষা

১২১। শিশুদের ভিটামিন এ ক্যাপসুল দিতে হয়—
(ক) বছরে একবার (খ) বছরে দুইবার
(গ) বছরে তিনবার (ঘ) এর কোনটিই নয়

১২২। ব্যাকটেরিয়ার গতিশীলতার জন্য তার যে গঠন দায়ী তা হলো—
(ক) পিল্লি (খ) ফ্ল্যাজেলা
(গ) শীথ (ঘ) ক্যাপসুলস

১২৩। 'কেপলার-৪৫২বি' কী?
(ক) একটি মহাকাশযান
(খ) পৃথিবীর মতো একটি গ্রহ
(গ) সূর্যের মতো একটি নক্ষত্র
(ঘ) NASA-এর অত্যাধুনিক টেলিস্কোপ

১২৪। ধারালো যন্ত্রপাতি জীবাণুমুক্ত করার ভাল পদ্ধতি—
(ক) বয়লিং (খ) বেনজিন ওয়াশ
(গ) ফরমালিন ওয়াশ (ঘ) কেমিক্যাল স্টেরিলাইজেশন

১২৫। সাবানের আয়নিক গ্রুপ হলো—
(ক) $R_3NH^+$ (খ) $SO_3-Na^+$
(গ) $R_2\,NH_2{}^+$ (ঘ) $COO-Na^+$

১২৬। কোন জোড়াটি বেমানান?
(ক) যক্ষ্মার জীবাণু : রবার্ট কচ (খ) হোমিওপ্যাথি : হ্যানিম্যান
(গ) ব্যাকটেরিয়া : রবার্ট হুক (ঘ) এনাটমি : ভেসলিয়াস

১২৭। এনজাইম, অ্যান্টিবডি এবং হরমোন-এর মৌলিক উপাদান—
(ক) প্রোটিন (খ) ক্যালসিয়াম
(গ) ভিটামিন (ঘ) লবণ

১২৮। মকরক্রান্তি রেখা কোনটি?
(ক) ২৩°৩০′ দক্ষিণ অক্ষাংশ (খ) ২৩°৩০′ উত্তর অক্ষাংশ
(গ) ২৩°৩০′ পূর্ব দ্রাঘিমাংশ (ঘ) ২৩°৩০′ পশ্চিম দ্রাঘিমাংশ

১২৯। পরম শূন্য তাপমাত্রা কোনটি?
(ক) ২৭৩° সেন্টিগ্রেড (খ) −২৭৩° ফারেনহাইট
(গ) 0° সেন্টিগ্রেড (ঘ) 0° কেলভিন

১৩০। আদর্শ ভোল্টেজ উৎসের অভ্যন্তরীণ রোধ কত?
(ক) অসীম (খ) শূন্য
(গ) অতি ক্ষুদ্র (ঘ) অনেক বড়

১৩১। নিচের কোনটি Structured Query Language নয়?
(ক) Java (খ) MySQL
(গ) Oracle (ঘ) উপরের সবগুলো

১৩২। ইন্টারনেট যোগাযোগ ব্যবস্থায় Hostname-কে IP Address-এ অনুবাদ করে—
(ক) FTP Server (খ) Firewall
(গ) DNS Server (ঘ) Gateway

১৩৩। নিচের কোন মডেলটি Cloud Computing সেবা প্রদানকারীগণ ব্যবহার করে না?
(ক) CaaS (খ) IaaS
(গ) PaaS (ঘ) SaaS

১৩৪। অ্যামাজন-এর ক্লাউড প্লাটফর্ম কোনটি?
(ক) Azure (খ) AWS
(গ) Cloudera (ঘ) উপরের সবগুলো

১৩৫। নিচের কোন সাইবার আক্রমণ সংঘটিত হলে গ্রাহক নিজ Computer System ব্যবহার করতে পারেন না এবং Computer System-কে ব্যবহার-উপযোগী করতে অর্থ দাবি করা হয়?
(ক) Phishing (খ) Denial of Service
(গ) Ransomware (ঘ) Man-in-the-Middle

১৩৬। SCSI-এর পূর্ণরূপ কী?
(ক) Small Computer System Interface
(খ) Small Computer Software Interface
(গ) Small Computer Storage Interface
(ঘ) Small Computer Standard Interface

১৩৭। নিচের কোন ডিভাইসটি ইনপুট ও আউটপুট ডিভাইস হিসাবে কাজ করে?
(ক) Scanner (খ) Mouse
(গ) Touch Screen (ঘ) Projector

১৩৮। নিচের কোন Octal সংখ্যাটি Decimal সংখ্যা ৫৫-এর সমতুল্য?
(ক) ৫৫ (খ) ৭৭ (গ) ৬৭ (ঘ) ৮৭

১৩৯। নিচের কোনটি system software নয়?
(ক) Linux (খ) Android
(গ) Mozilla Firefox (ঘ) Apple iOS

১৪০। নিচের কোন Protocol-টি ইন্টারনেটে তথ্য আদান-প্রদানের নিরাপত্তা নিশ্চিত করে থাকে?
(ক) FTP (খ) HTTPS
(গ) TCP (ঘ) DNS

১৪১। Piconet কী?
(ক) Wifi Network (খ) Wide Area Network
(গ) Bluetooth Network (ঘ) 5G Network

১৪২। এক মেশিন থেকে অন্য মেশিনে ই-মেইল মেসেজ স্থানান্তর করতে কোন TCP/IP প্রটোকল ব্যবহার হয়?
(ক) FTP (খ) RPC
(গ) SNMP (ঘ) SMTP

১৪৩। যে কম্পিউটার প্রোগ্রাম নিজে নিজেই অন্য কম্পিউটারে ইন্টারনেটের মাধ্যমে কপি হয় তাকে—বলে।
(ক) Program Virus (খ) Worms
(গ) Trojan Horse (ঘ) Boot Virus

১৪৪। নিচের কোন প্রতিষ্ঠানটি 4G Standard প্রস্তুতকরণে সম্পৃক্ত?
(ক) ISO (খ) ITU
(গ) 3GPP (ঘ) ETSI

১৪৫। নিচের কোনটি Open Source Software?
(ক) Google Chrome (খ) Microsoft Windows
(গ) Zoom (ঘ) Adobe Photoshop

১৪৬। বাংলাদেশের সংবিধানের রক্ষক কে?
(ক) জাতীয় সংসদ (খ) শাসন বিভাগ
(গ) সুপ্রিম কোর্ট (ঘ) আইন মন্ত্রণালয়

১৪৭। বাংলার সর্বপ্রাচীন জনপদের নাম কী?
(ক) পুণ্ড্র (খ) তাম্রলিপ্ত
(গ) গৌড় (ঘ) হরিকেল

১৪৮। বাংলাদেশের বৃহত্তর ঢাকা জেলা প্রাচীনকালে কোন জনপদের অন্তর্ভুক্ত ছিল?
(ক) সমতট (খ) পুণ্ড্র
(গ) বঙ্গ (ঘ) হরিকেল

১৪৯। কোন শাসকদের আমলে বাংলাভাষী অঞ্চল 'বাঙ্গালা' নামে পরিচিত হয়ে ওঠে?
(ক) মৌর্য (খ) গুপ্ত
(গ) পাল (ঘ) মুসলিম

১৫০। বাংলার প্রথম স্বাধীন নবাব কে ছিলেন?
(ক) শশাঙ্ক (খ) মুর্শিদ কুলি খান
(গ) সিরাজউদ্দৌলা (ঘ) আব্বাস আলী মীর্জা

১৫১। চীনদেশের কোন ভ্রমণকারী গুপ্তযুগে বাংলাদেশে আগমন করেন?
(ক) হিউয়েন সাং (খ) ফা হিয়েন
(গ) আই সিং (ঘ) এঁদের সকলেই

১৫২। বঙ্গভঙ্গের কারণে কোন নতুন প্রদেশ সৃষ্টি হয়েছিল?
(ক) পূর্ববঙ্গ ও বিহার (খ) পূর্ববঙ্গ ও আসাম
(গ) পূর্ববঙ্গ ও উড়িষ্যা (ঘ) পূর্ববঙ্গ ও পশ্চিমবঙ্গ

১৫৩। 'তমদ্দুন মজলিশ' কে প্রতিষ্ঠা করেন?
(ক) হাজী শরিয়তউল্লাহ
(খ) শেরে বাংলা এ কে ফজলুল হক
(গ) আবুল কাশেম
(ঘ) মাওলানা আবদুল হামিদ খান ভাসানী

১৫৪। 'আমার ভাইয়ের রক্তে রাঙানো একুশে ফেব্রুয়ারি, আমি কি ভুলিতে পারি'—গানটি কে রচনা করেন?
(ক) মুনীর চৌধুরী (খ) জহির রায়হান
(গ) আবদুল গাফফার চৌধুরী (ঘ) কাজী নজরুল ইসলাম

১৫৫। কোন দেশ বাংলা ভাষাকে তাদের অন্যতম রাষ্ট্রভাষা হিসেবে স্বীকৃতি দিয়েছে?
(ক) লাইবেরিয়া (খ) নামিবিয়া
(গ) হাইতি (ঘ) সিয়েরা লিওন

১৫৬। বাংলাদেশের ক্ষুদ্র নৃগোষ্ঠীর সংখ্যা—
(ক) ২০ (খ) ৪৮
(গ) ২৫ (ঘ) ৩২

১৫৭। নিম্নের কোন পত্রিকাটির প্রকাশনা উপলক্ষ্যে রবীন্দ্রনাথ ঠাকুর আশীর্বাণী পাঠিয়েছিলেন?
(ক) সবুজপত্র (খ) শনিবারের চিঠি
(গ) কল্লোল (ঘ) ধূমকেতু

১৫৮। বাংলাদেশের জাতীয় প্রতীকে কয়টি তারকা আছে?
(ক) ২টি (খ) ৩টি
(গ) ৪টি (ঘ) ৫টি

১৫৯। বাঙালির মুক্তির সনদ 'ছয় দফা' কোন তারিখে আনুষ্ঠানিকভাবে ঘোষণা করা হয়েছিল?
(ক) ২১ ফেব্রুয়ারি ১৯৫৪ (খ) ২২ মার্চ ১৯৫৮
(গ) ২০ এপ্রিল ১৯৬২ (ঘ) ২৩ মার্চ ১৯৬৬

১৬০। 'এবারের সংগ্রাম আমাদের মুক্তির সংগ্রাম, এবারের সংগ্রাম স্বাধীনতার সংগ্রাম'—জাতির পিতা কবে এই ঘোষণা দেন?
(ক) ২৬ মার্চ ১৯৭১ (খ) ৭ মার্চ ১৯৭১
(গ) ৩ মার্চ ১৯৭১ (ঘ) ১৬ ডিসেম্বর ১৯৭১

১৬১। বাংলাদেশে জুম চাষ কোথায় হয়?
(ক) বান্দরবান (খ) ময়মনসিংহ
(গ) রাজশাহী (ঘ) দিনাজপুর

১৬২। বাংলাদেশের কোন জেলায় সবচেয়ে বেশি চা বাগান রয়েছে?
(ক) চট্টগ্রাম (খ) সিলেট
(গ) পঞ্চগড় (ঘ) মৌলভীবাজার

১৬৩। 'ধর্মীয় স্বাধীনতা' বাংলাদেশ সংবিধানের কোন অনুচ্ছেদে অন্তর্ভুক্ত?
(ক) অনুচ্ছেদ ৩৮ (খ) অনুচ্ছেদ ৫০
(গ) অনুচ্ছেদ ৪১ (ঘ) অনুচ্ছেদ ১০০

১৬৪। বাংলাদেশে প্রথম আদমশুমারি (জনগণনা) কবে অনুষ্ঠিত হয়?
(ক) ১৯৭২ সালে (খ) ১৯৭৩ সালে
(গ) ১৯৭৪ সালে (ঘ) ১৯৭৫ সালে

১৬৫। বাংলাদেশের জিডিপি (GDP)-তে কোন খাতের অবদান সবচেয়ে বেশি?
(ক) কৃষি (খ) শিল্প
(গ) বাণিজ্য (ঘ) সেবা

১৬৬। ২০২০-২০২১ অর্থবছরে জিডিপি (GDP) প্রবৃদ্ধির হার কত?
(ক) ৫.৬৮% (খ) ৯.৯৪%
(গ) ৭.৬৬% (ঘ) ৬.৯৪%

১৬৭। বিশ্বব্যাংক কবে বাংলাদেশকে নিম্ন-মধ্যম আয়ের দেশ হিসেবে তালিকাভুক্ত করে?
(ক) ১ জুন ২০১৪ (খ) ১ জুন ২০১৫
(গ) ১ জুলাই ২০১৫ (ঘ) ১ জুলাই ২০১৬

১৬৮। বঙ্গবন্ধু স্যাটেলাইট-২ কী ধরনের স্যাটেলাইট হবে?
(ক) কমিউনিকেশন স্যাটেলাইট (খ) ওয়েদার স্যাটেলাইট
(গ) আর্থ অবজারভেশন স্যাটেলাইট (ঘ) ন্যাভিগেশন স্যাটেলাইট

১৬৯। কোনো নাগরিকের মৌলিক অধিকার লঙ্ঘিত হলে সংবিধানের কোন অনুচ্ছেদের বিধান অনুযায়ী তিনি মামলা করতে পারেন?
(ক) ৪৪ (খ) ৪৭
(গ) ১০২ (ঘ) ১০৩

১৭০। বাংলাদেশের সরকার পদ্ধতি—
(ক) এককেন্দ্রিক (খ) যুক্তরাষ্ট্রীয়
(গ) রাজতন্ত্র (ঘ) রাষ্ট্রপতিশাসিত

১৭১। BSTI-এর পূর্ণ অভিব্যক্তি কী?
(ক) Bangladesh Salt Testing Institute
(খ) Bangladesh Strategic Training Institute
(গ) Bangladesh Standards and Testing Institution
(ঘ) Bangladesh Society for Telecommunication and Information

১৭২। বাংলাদেশের স্বাধীনতা যুদ্ধে কতজন মুক্তিযোদ্ধাকে 'বীর বিক্রম' খেতাবে ভূষিত করা হয়?
(ক) ৭ জন (খ) ৬৮ জন
(গ) ১৭৫ জন (ঘ) ৪২৬ জন

১৭৩। মুজিবনগর সরকারের ত্রাণ ও পুনর্বাসন মন্ত্রী কে ছিলেন?
(ক) তাজউদ্দিন আহমেদ (খ) এ এইচ এম কামরুজ্জামান
(গ) সৈয়দ নজরুল ইসলাম (ঘ) এম মনসুর আলী

১৭৪। কোনটি জাতীয় কবি কাজী নজরুল ইসলাম রচিত গ্রন্থ নয়?
(ক) ব্যথার দান (খ) দোলনচাঁপা
(গ) শিউলি মালা (ঘ) সোনার তরী

১৭৫। UNESCO কত তারিখে ২১ ফেব্রুয়ারিকে আন্তর্জাতিক মাতৃভাষা দিবস হিসেবে স্বীকৃতি দেয়?
(ক) ১৮ নভেম্বর ১৯৯৯ (খ) ১৭ নভেম্বর ১৯৯৯
(গ) ১৯ নভেম্বর ২০০১ (ঘ) ২০ নভেম্বর ২০০১

১৭৬। যে গুণের মাধ্যমে মানুষ 'ভুল' ও 'শুদ্ধ'-এর পার্থক্য নির্ধারণ করতে পারে, তা হচ্ছে—
(ক) সততা (খ) সদাচার
(গ) কর্তব্যবোধ (ঘ) মূল্যবোধ

merazul.com

merazul.com

১৭৭। জাতীর শুদ্ধাচার কৌশল অনুসারে 'শুদ্ধাচার' হচ্ছে—
(ক) শুদ্ধভাবে কার্যসম্পাদনের কৌশল
(খ) সরকারী কর্মকর্তাদের আচরণের মানদণ্ড
(গ) সততা ও নৈতিকতা দ্বারা প্রভাবিত আচরণগত উৎকর্ষ
(ঘ) দৈনন্দিন কার্যক্রমে অনুসৃতব্য মানদণ্ড

১৭৮। বাংলাদেশে দুর্নীতিকে দণ্ডনীয় ঘোষণা করা হয়েছে যে বিধানে—
(ক) ১৮৬০ সালে প্রণীত দণ্ডবিধিতে
(খ) ২০০৪ সালে প্রণীত দুর্নীতি দমন কমিশন আইনে
(গ) ২০১৮ সালে প্রণীত সরকারী কর্মচারী (শৃঙ্খলা ও আপীল) বিধিমালাতে
(ঘ) উপরের সবগুলোতে

১৭৯। অর্থনৈতিক ক্ষেত্রে সুশাসন প্রতিষ্ঠিত হলে—
(ক) বিনিয়োগ বৃদ্ধি পায় (খ) দুর্নীতি দূর হয়
(গ) প্রতিষ্ঠানের সুনাম হয় (ঘ) যোগাযোগ বৃদ্ধি পায়

১৮০। জাতিসংঘের দুর্নীতিবিরোধী কনভেনশনের নাম—
(ক) UNCLOS (খ) UNCTAD
(গ) UNCAC (ঘ) CEDAW

১৮১। গণতান্ত্রিক মূল্যবোধের সবচেয়ে গুরুত্বপূর্ণ উপাদান—
(ক) নেতৃত্বের প্রতি আনুগত্য (খ) স্বচ্ছ নির্বাচন কমিশন
(গ) শক্তিশালী রাজনৈতিক দল (ঘ) পরমতসহিষ্ণুতা


১৮২। সরকারি সিদ্ধান্তের ক্ষেত্রে 'স্বার্থের সংঘাত' (conflict of interest)-এর উদ্ভব হয় যখন গৃহীতব্য সিদ্ধান্তের সঙ্গে—
(ক) সিদ্ধান্ত গ্রহণকারী কর্মকর্তার নিজের বা পরিবারের সদস্যদের স্বার্থ জড়িত থাকে।
(খ) প্রভাবশালী ব্যক্তি বা ব্যক্তিবর্গের স্বার্থ জড়িত থাকে।
(গ) সরকারি স্বার্থ জড়িত থাকে।
(ঘ) উর্ধ্বতন কর্তৃপক্ষের স্বার্থ জড়িত থাকে।

১৮৩। রাষ্ট্র ও সমাজে দুর্নীতিপ্রবণতার জন্য সবচেয়ে বেশি দায়ী—
(ক) আইনের প্রয়োগের অভাব (খ) নৈতিকতা ও মূল্যবোধের অভাব
(গ) দুর্বল পরিবীক্ষণ ব্যবস্থা (ঘ) অসৎ নেতৃত্ব

১৮৪। প্রাথমিকভাবে একজন মানুষের মানবীয় গুণাবলি ও সামাজিক মূল্যবোধের বিকাশ ঘটে—
(ক) সমাজে বসবাসের মাধ্যমে (খ) বিদ্যালয়ে
(গ) পরিবারে (ঘ) রাষ্ট্রের মাধ্যমে

১৮৫। 'সততার জন্য সদিচ্ছা'র কথা বলেছেন—
(ক) ডেকার্ট (খ) ডেভিড হিউম
(গ) ইমানুয়েল কান্ট (ঘ) জন লক

১৮৬। প্রশ্নবোধক চিহ্নের স্থানে কোন চিত্রটি বসবে?




(ক) ১ (খ) ২ (গ) ৩ (ঘ) ৪

১৮৭। P এবং Q দুই ভাই। R এবং S দুই বোন। P-এর ছেলে হলো S-এর ভাই। তাহলে Q হলো R-এর—
(ক) পুত্র (খ) ভাই (গ) পিতা (ঘ) চাচা

১৮৮। স্টেপলারের সাথে যেমন স্টেপল, সুচের সাথে তেমন—
ক ছিদ্র (খ) কাপড় (গ) সুতা (ঘ) সেলাই মেশিন


১৮৯। 165135 যদি Peace হয়, তবে 1215225 হবে—
(ক) Lead (খ) Love
(গ) Loop (ঘ) Castle

১৯০। নিচের চিত্রে মোট কতটি ত্রিভুজ আছে?



(ক) ১০টি (খ) ১২টি (গ) ১৪টি (ঘ) ১৬টি

১৯১। ভারসাম্য রক্ষা করতে নিচের চিত্রের বামদিকে কত ওজন রাখতে হবে?





(ক) ৪ কেজি (খ) ৬ কেজি (গ) ৮ কেজি (ঘ) ১০ কেজি

১৯২। ২০১৮ সালের ১২ জানুয়ারি শুক্রবার হলে, একই বছরের ১৭ মার্চ কী বার ছিল?
(ক) শনিবার (খ) সোমবার
(গ) বৃহস্পতিবার (ঘ) শুক্রবার

১৯৩। ৫, ৭, ১০, ১৪, ......... ২৫ ধারার শূন্যস্থানের সংখ্যাটি কত?
(ক) ১৭ (খ) ১৮ (গ) ১৯ (ঘ) ২১

১৯৪। "MEMORY" শব্দটির আয়নার প্রতিবিম্ব কোনটি?
(ক) YROMƎM (খ) YЯOMƎM
(গ) MEMOᴚ⅄ (ঘ) YЯOWEW

১৯৫। প্রশ্ন-চিহ্নিত স্থানে কোন সংখ্যা বসবে?




(ক) ৬৪ (খ) ৬৬ (গ) ৬৮ (ঘ) ৭২

১৯৬। কোনো কিছুর কারণ জানতে হলে আমরা ইংরেজিতে যে প্রশ্ন করি তা সাধারণত কোন শব্দটি দিয়ে শুরু হয়?
(ক) how (খ) what (গ) why (ঘ) who

১৯৭। নিম্নের কোন গুচ্ছের শব্দগুলো বর্ণানুক্রমিকভাবে সাজানো রয়েছে?
(ক) নিম্নোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিরাময়, নিষ্ক্রিয়, নিসর্গ
(খ) নিদর্শন, নিম্নোক্ত, নিরাময়, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ
(গ) নিষ্ক্রিয়, নিসর্গ, নিম্নোক্ত, নিদর্শন, নিরাসক্ত, নিরাময়
(ঘ) নিদর্শন, নিরাসক্ত, নিষ্ক্রিয়, নিসর্গ, নিম্নোক্ত, নিরাময়

১৯৮। যদি PLAY-এর কোড ৮১২৩ এবং RHYME-এর কোড ৪৯৩৬৭ হয়, তাহলে MALE-এর কোড হবে—
(ক) ৬৩২৩ (খ) ৬১৯৮ (গ) ৬২১৭ (ঘ) ৬২৮৫

১৯৯। এই সিরিজটিতে পরের সংখ্যাটি কত?
৩ ৫ ৮ ১৩ ২১
(ক) ২৪ (খ) ২৬
(গ) ২৯ (ঘ) ৩৪

২০০। একটি দেয়ালঘড়িতে যখন ৩টা বাজে তখন ঘন্টার কাঁটা যদি পূর্বদিকে থাকে তবে মিনিটের কাঁটা কোন দিকে থাকবে?
(ক) উত্তর (খ) পশ্চিম
(গ) দক্ষিণ (ঘ) পূর্ব